



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৯৭২

তারিখ: ০৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

উলাট সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কাদোয়া, উপজেলা: সুজানগর, জেলা: পাবনা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১.০৪.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- ১। মাদরাসার প্রবেশপথে দৃষ্টিনন্দন গেইট নির্মাণ করতে হবে।
- ২। অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
- ৩। ফাজিল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৪। কমপক্ষে এক লক্ষ টাকার পাঠ্য সংশ্লিষ্ট কিতাব/গ্রন্থসহ বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও মুক্তিযুদ্ধভিত্তিক বই দ্বারা গ্রন্থাগার সমৃদ্ধ করতে হবে।
- ৫। ছাত্রীদের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা করতে হবে।
- ৬। অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ৭। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ৮। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

21.01.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

উলাট সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: কাদোয়া, উপজেলা: সুজানগর, জেলা: পাবনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৭৯৭২

তারিখ: ০৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, উলাট সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: কাদোয়া, উপজেলা: সুজানগর, জেলা: পাবনা।
- ৭। অফিস নথি।

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩

অধি/নবায়ন/ফাইল নং- রাজশাহী-৪৪